অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/10/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

যুক্তরাষ্ট্র নারী সকার দল (U.S. WOMEN'S SOCCER TEAM)-এর বিশ্ব চ্যাম্পিয়নশিপ উদযাপনের টিকার-টেপ প্যারেডে গভর্নর কুওমো লিঙ্গভিত্তিক বেতন বৈষম্য অবসানের লক্ষ্যে সমান বেতন সংক্রান্ত আইনে স্বাক্ষর করেছেন

গভর্নর কুওমো: "কেন পুরুষের যা বেতন দেওয়া হয় তা নারীদের দেওয়া উচিত নয় এর কোনো যুক্তিসঙ্গত ব্যাখ্যা নেই। এই নারী সকার খেলোয়াড়গণ, তারা পুরুষ সকার খেলোয়াড়ের মতো একই খেলা খেলেন এবং তারা এটি আরও ভালোভাবে খেলতে পারেন - তাই যদি কোনো অর্থনৈতিক যুক্তি থাকে তাহলে পুরুষগণ নারীদের চেয়ে কম বেতন পাওয়া উচিৎ।"

যুক্তরাষ্ট্র সকারকে নারীদের জাতীয় দলকে পুরুষদের জাতীয় দলের মতো একই অর্থ প্রদানের জন্য আহবান জানান

প্রণীত আইনসমূহ নিয়োগকারীদেরকে যুগপৎভাবে অনুরূপ কাজের জন্য সমান বেতন প্রদানের নির্দেশ দেয়; প্রতিষ্ঠানের বেতন ইতিহাস নিষিদ্ধকরণ প্রবর্তন করে

2019 নারী ন্যায়বিচার এজেন্ডা (2019 Women's Justice Agenda)-এর মূল উপাদানগুলি কার্যকর করার প্রতিশ্রুতিকে পরিপূর্ণ করে

গভর্নর কুওমো আজ একটি আইনে স্বাক্ষর করেছেন যা সকল একই ধরনের কাজ (S5248B/A8093A)-এর জন্য সুরক্ষিত শ্রেণির ভিত্তিতে বৈষম্যমূলক বেতন নিষিদ্ধ করার জন্য সমান বেতন আইনকে সম্প্রসারিত করে এবং নিয়োগকারীদেরকে সম্ভাব্য কর্মচারীদের কাছে তাদের বেতন ইতিহাস সম্পর্কে জিজ্ঞাসা করতে নিষেধ করে (S6549/A5308B)। এছাড়াও গভর্নর কুওমো জাতীয় নারী দলকে পুরুষদের জাতীয় দলের মতো একই অর্থ প্রদানের জন্য যুক্তরাষ্ট্র সকারকে আহ্বান জানিয়েছেন। যুক্তরাষ্ট্র নারী সকার দলের বিশ্ব চ্যাম্পিয়নশিপ উদযাপনের টিকার-টেপ প্যারেডে গভর্নর কুওমো তার 2019 নারী ন্যায়বিচার এজেন্ডা-এর একটি মূল উপাদান হিসেবে এই পদক্ষেপসমূহে স্বাক্ষর করেছেন। এই বছর গভর্নর কর্তৃক অগ্রাধিকার প্রদত্ত সাধারণ জ্ঞানের পদক্ষেপসমূহের উপর এইসকল পদক্ষেপ গৃহীত হয়েছে যার মধ্যে রয়েছে যৌন পাচারের শিকারদের জন্য ধর্ষণ বিরোধী সুরক্ষা প্রতিষ্ঠা করা যা কর্মস্থলের যৌন হয়রানির আইনকে শক্তিশালী করে এবং একটি কমিউনিটি কলেজ প্রোগ্রামে অর্থায়ন করে যা একক মায়েদেরকে দারিদ্র থেকে বেরিয়ে আসতে সাহায্য করবে।

"কেন পুরুষের যা বেতন দেওয়া হয় তা নারীদের দেওয়া উচিত নয় এর কোনো যুক্তিসঙ্গত ব্যাখ্যা নেই। এই নারী সকার খেলোয়াড়গণ, তারা পুরুষ সকার খেলোয়াড়ের মতো একই খেলা খেলেন এবং তারা এটি আরও ভালভাবে খেলতে পারেন - তাই যদি কোনো অর্থনৈতিক যুক্তি থাকে তাহলে পুরুষগণ নারীদের চেয়ে কম বেতন পাওয়া উচিৎ", **গভর্নর কুওমো বলেন**। "নিউ ইয়র্ক এই কাজকে সামনে এগিয়ে নিতে নেতৃত্ব প্রদান করা অব্যাহত রাখবে এবং স্টেটের প্রতিটি প্রান্তে অবস্থানরত নারী ও মেয়েদের সাথে একাত্মতা প্রকাশ করবে। এই আইনটি স্বাক্ষর করে আমরা কেবল সঠিক কাজটি করছি না বরং আমরা নৈতিক কাজও করছি এবং সমান কাজের জন্য সমান বেতন এখন নিউ ইয়র্ক স্টেটের আইন।"

"অগণিত নারী প্রতিদিন তাদের কাজের মধ্যে কঠোর পরিশ্রম করেন এবং দিনের শেষে এখনও পুরুষদের চেয়ে কম উপার্জন করেন", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন**। "যদিও নিউ ইয়র্কে দেশের সর্বনিম্ন লিঙ্গ মজুরির ব্যবধান রয়েছে, তবুও এখানে এখনও একটি ব্যবধান বিদ্যমান। এটা অগ্রহণযোগ্য। যুক্তরাষ্ট্র নারী সকার টিম (U.S. Women's Soccer Team) জয় ছিনিয়ে এনেছে এবং আমাদের দেশকে গর্বিত করেছে। তাদের বিজয় এই অসম্মানমূলক বাস্তবতাটিকে বিবর্ধিত করেছে যে যুক্তরাষ্ট্র সকার নারীদের দলকে পুরুষদের মতো একই পরিমাণ বেতন দেয় না। নারীর অধিকার ও সুরক্ষা নিশ্চিত করার জন্য আমরা অগ্রগতি অর্জন করেছি কিন্তু নারীরা পূর্ণ সমতা অর্জন না হওয়া পর্যন্ত আমরা বিশ্রাম নেব না।"

আজ স্বাক্ষর করা আইন নিউ ইয়র্ক স্টেটে ব্যবসা পরিচালনাকারী সকল নিয়োগকর্তা, জনসাধারণ এবং ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানকে তাদের সম্ভাব্য কর্মচারীদের কাছে তাদের বেতন ইতিহাস এবং ক্ষতিপূরণ সম্পর্কে জিজ্ঞাসা করা নিষিদ্ধ করেছে এবং "সমান কাজের জন্য সমান বেতন" এর সীমাকে সম্প্রসারিত করেছে। এই পদক্ষেপগুলি গত বছর গভর্নর কর্তৃক স্টেটের প্রতিষ্ঠানসমূহকে প্রার্থীগণকে বেতনের ইতিহাসের উপর ভিত্তি করে মূল্যায়ন করাকে নিষিদ্ধ করার মাধ্যমে মজুরির ব্যবধান দূর করার জন্য গভর্নর কর্তৃক স্বাক্ষরিত দুইটি নির্বাহী আদেশ এর উপর এই পদক্ষেপসমূহ গৃহীত হয়েছে এবং স্টেটের ঠিকাদারদেরকে কর্মীদের লিঙ্গ, জাতি ও জাতীয়তার তথ্য প্রকাশ করার নির্দেশ দিয়েছে - করদাতাদের ডলারসমূহকে স্টেটব্যাপী স্বচ্ছতা এবং উন্নত বেতন সমতাকে পরিচালিত করার জন্য উপজীব্য করেছে।

2017 সালে গভর্নর শ্রম বিভাগকে (Department of Labor) নিউইয়র্কের লিঙ্গভিত্তিক বেতন বৈষম্য সম্পর্কিত একটি প্রতিবেদন জারি করতে নির্দেশ দেন এবং বৈষম্যমূলক, অসম ক্ষতিপূরণ চক্রটি ভেঙে ফেলার সুপারিশ প্রদান করেন। স্টেটব্যাপী ন্যায্য বেতন বিষয়ক শুনানি আয়োজনের পর শ্রম বিভাগ গত বসন্তকালে তাদের প্রতিবেদনটি প্রকাশ করেছিল। তার সুপারিশের উপর অবিলম্বে কাজ করে, গভর্নর কুওমো বেতন সংক্রান্ত ইতিহাসে নিষেধাজ্ঞা জারি করে তার নির্বাহী আদেশ প্রসারিত করার জন্য একটি প্রোগ্রাম বিল পেশ করেন যা সরকারি, বেসরকারি সকল নিয়োগকর্তা, যারা নিউ ইয়র্কে ব্যবসা করেন, তাদের সম্ভাব্য কর্মচারীদেরকে তাদের বেতন ইতিহাস এবং ক্ষতিপূরণ সম্পর্কে জিজ্ঞাসা করতে বাধা দেয়।

সিনেট সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স বলেন, "বিশ্বকাপ জয়ী হওয়ার জন্য যখন আমরা যুক্তরাষ্ট্রের জাতীয় নারী সকার টিম (United States Women's National Soccer

Team)-কে সম্মান জানাচ্ছি, তখন আমাদের স্মরণ করিয়ে দেওয়া হয় যে এই চ্যাম্পিয়নরা যুগপৎ বিশ্ব চ্যাম্পিয়নশিপ অর্জন করা সত্ত্বেও মার্কিন যুক্তরাষ্ট্রের পুরুষ দলের মতো একই উপার্জন করে না। নিউ ইয়র্কের মজুরির ব্যবধানটি হলো পুরুষের এক ডলার আয়ের বিপরীতে শ্বেতাঙ্গ নারীরা ৪9 সেন্ট আয় করছেন, এই ব্যবধানটি বর্ণভিত্তিক নারীদের ক্ষেত্রে আরও বেশি সুস্পষ্ট যেখানে প্রতি ডলারের বিপরীতে কৃষ্ণাঙ্গ নারীরা 63 সেন্ট আয় করছেন এবং ল্যাটিনারা 54 সেন্ট উপার্জন করেন। আজ স্বাক্ষর করার মাধ্যমে আইনে রূপান্তরিত বিলসমূহ বেতন বৈষম্য থেকে কর্মচারীদের রক্ষা করা এবং বেতন ইতিহাস অনুরোধ অনুশীলনের অবসান করার মাধ্যমে এই ভুলকে সংশোধন করবে। আমরা সুদৃঢ় ও নিরপেক্ষ নিউ ইয়র্ক নির্মাণের লক্ষ্যে সমান কাজের জন্য সমান বেতনের লড়াইয়ে নেতৃত্ব দেওয়ার জন্য গর্বিত।"

অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি বলেন, "আইনসভার সংখ্যাগরিষ্ঠ সদস্যগণ পরিবারবর্গকে সর্বাগ্রে রাখার জন্য অঙ্গীকারবদ্ধ এবং আমরা জানি যে এর অর্থ হলো নিউ ইয়র্কের প্রত্যেক কঠোর পরিশ্রমী অধিবাসীর জন্য ন্যায্য মজুরি নিশ্চিত করা। সেই কারণে আমরা নিউ ইয়র্কের নাগরিকদেরকে মজুরি বাজেয়াপ্তকারী বিবেকবর্জিত অনুশীলনসমূহ থেকে রক্ষা করা এবং নারী ও সমস্ত সুরক্ষিত ক্লাসগুলিকে তাদের কাজের জন্য নায্যভাবে অর্থ প্রদান করা নিশ্চিত করার জন্য আইন পাস করতে বহু বছর ধরে লড়াই করছি। এই বিলগুলি অব্যাহত মজুরি বৈষম্যের মূল কারণগুলিকে শনাক্ত করে এবং মজুরি সমতা সম্পর্কিত বিদ্যমান আইনগুলি কার্যকর করার জন্য গুরুত্বপূর্ণ। সেগুলো নিউ ইয়র্কের নিজস্ব আইন হয়ে ওঠা এখন সুদূর অতীত।"

সিনেটর আলেসান্দ্রা বিয়াগি বলেন, "সকার মাঠ থেকে বোর্ড রুম পর্যন্ত কর্মক্ষেত্র জুড়ে আমেরিকানরা তাদের সমান ক্ষতিপূরণ পাওয়ার অধিকারের পক্ষে সোচ্চার হয়েছে এবং আজ নিউ ইয়র্ক এই আহ্বানের উত্তর দিচ্ছে। নিউ ইয়র্কের প্রত্যেক অধিবাসী তাদের জাতি, যৌন অভিযোজন, অক্ষমতা বা তাদেরকে যেভাবেই শনাক্ত করা হোক তা বিবেচনা ব্যতিরেকেই সমান কাজের জন্য সমান বেতন প্রাপ্য। আমার বিল কোনো সুরক্ষিত-শ্রেণির স্ট্যাটাসের উপর ভিত্তি করে বেতন-বৈষম্যকে নিষিদ্ধ করার জন্য আমাদের সমান বেতন আইন সম্প্রসারিত করে প্রান্তিক সম্প্রদায়গুলিকে বিভক্তকারী বেতন-বৈষম্যমূলক পদ্ধতিগত সমস্যার সমাধান করতে সহায়তা করে। আমি সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিন্স এবং গভর্নর অ্যান্ড্রু এম. কুওমোকে এই বিষয়ে তাদের জোরালো সমর্থনের জন্য ধন্যবাদ জানাই - নিউ ইয়র্ক স্টেটের চিরন্তন মজুরির ব্যবধানকে বন্ধ করার ক্ষেত্রে এটি প্রথম পদক্ষেপ এবং সকলের সমান সুযোগের নীতিকে আইনগতভাবে দৃঢ় করে তুলছে।"

সিনেটর ডেভিড কার্লুচি বলেন, "একই কাজের জন্য পুরুষকে প্রদত্ত প্রত্যেক ডলারের বিপরীতে নারীদের ৪0 সেন্ট বা তার কম অর্থ উপার্জন করা উচিত নয়। লিঙ্গভিত্তিক বেতন বৈষম্য বন্ধ করার প্রথম পদক্ষেপ হলো বেতন ইতিহাসের ব্যাপারে প্রশ্ন করার অবসান ঘটানো যাতে নিম্ন বেতন নারীদেরকে তাদের কর্মজীবন জুড়ে অনুসরণ না করে। যেসকল নারী সমান বেতনের জন্য সোচ্চার হয়েছিলেন তাদের সবাইকে এবং লিঙ্গভিত্তিক বেতন বৈষম্যের অবসান ঘটাতে পদক্ষেপ গ্রহণের জন্য গভর্নরকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য, শ্রম বিষয়ক অ্যাসেম্বলি কমিটির চেয়ারম্যান মার্কোস ক্রেসপো বলেন, "বছরের পর বছর ধরে আমি বেতন ইতিহাস জানতে চাওয়ার প্রথা শেষ করার জন্য আইন অনুমোদন করেছি কারণ এটি কেবলমাত্র কর্মচারীদেরকে বেতন কমিয়ে দিতে এবং নারী ও বর্ণভিত্তিক লোকদের বিরুদ্ধে মজুরির বৈষম্য বজায় রাখতে কাজ করেছিল। আমি গভর্নর কুওমো, স্পিকার হিস্টি এবং লিডার স্টুয়ার্ট-কাজিন্স এর নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ, আমরা 'সমান বেতন' -কে অগ্রাধিকার দিয়েছি এবং আবারও সুদীর্ঘকাল ব্যাপী নায্য সুযোগসুবিধা থেকে বঞ্চিত হওয়া লোকদের জন্য অর্থপূর্ণ পরিবর্তন ও ন্যায্য মজুরি অর্জনে অগ্রগতিশীল নেতা হয়ে উঠেছি।"

অ্যাসেম্বলি সদস্য কারেন ম্যাকমাহন বলেন, "আমাদের বিদ্যমান কর্মসংস্থান বৈষম্য আইন সত্ত্বেও লিঙ্গ এবং অন্যান্য সুরক্ষিত শ্রেণির উপর ভিত্তি করে বৈষম্যমূলকভাবে পরিশোধ করা এখনও নিউ ইয়র্কের একটি সমস্যা। নায্য বেতন আইনের (Equal Pay Act) এই সম্প্রসারণ কর্মীদের আরও অনেক শ্রেণিকে রক্ষা করে, একই রকম কাজের জন্য বৈষম্যমূলক বেতন নিষিদ্ধ করে এবং মানুষের জীবনে পরিবর্তন নিয়ে আসবে। আমি গভর্নর অ্যান্ড্রু কুওমো, স্পিকার কার্ল হিস্টি এবং আমার অ্যাসেম্বলি সহকর্মীদের এই সমস্যা এবং এই ঐতিহাসিক বিলের ব্যাপারে তাদের কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ জানাই।"

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন